

দেশ এগিয়ে নিতে চাই মানসম্মত শিশু শিক্ষা

□ ইত্তেফাক রিপোর্ট

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী আজিজুজ্জামান আজিজুর রহমান বলেছেন, শিক্ষা ব্যবস্থার মূল ভিত্তি প্রাথমিক শিক্ষা। এটি উচ্চ শিক্ষার পথ গড়ে দেয়। প্রাথমিক শিক্ষা ৫ বছরে ৮ম শ্রেণি পর্যন্ত করার কাজ চলছে।

সুবিধাবঞ্চিত শিশুদের জন্য শিক্ষার উচ্চারণ ও উৎসর্গতা পীঠিক অমোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী আরো বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রাথমিক শিক্ষাকে প্রথম জাতীয়করণ করেছেন। এরপর বর্তমান সরকার ২০০৯ সালে প্রাথমিক শিক্ষাকে এগিয়ে নিয়ে যেতে নানা প্রকল্প হাতে নিয়েছেন। ২০১০ সালে শিক্ষানীতি বাস্তবায়ন হয়েছে। এর উপর ভিত্তি করে দেশে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা এগিয়ে চলছে। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'শেয়ার এডুকেশন প্রোগ্রাম'-এর দ্বিতীয় বার্ষিক সম্মেলনে এ আয়োচনা সভার আয়োজন করা হয়।


সভায় মন্ত্রী আরো বলেছেন, সুবিধাবঞ্চিত শিশুদের জন্য বিভিন্ন দাতা সংস্থা, এনজিও খেমন ব্র্যাক, শেয়ার ইত্যাদি বিভিন্ন কাজ করে যাচ্ছে। বেসরকারি প্রতিষ্ঠানগুলোকে আরো এগিয়ে আসতে হবে। প্রযুক্তির কল্যাণে মানসম্মত শিক্ষার জন্য যত্ন নিছি। আমাদের আক্টে সেক্টরে এগিয়ে যেতে হবে। ডিশন-২০২১ বাস্তবায়নে

প্রাথমিক শিক্ষা আমাদের আলোর পথ দেখাবে। সকল শিশুকে মানসম্মত শিক্ষায় শিক্ত করে আগামী দিনের বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাব।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ড. এস আদব চৌধুরী, ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত উইলিয়াম হানা। সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সনাতন কল্যাণ প্রতিমন্ত্রী আজিজুজ্জামান প্রমদ মানস্কিন।

আজিজুজ্জামান প্রমদ মানস্কিন বলেছেন, স্বজনশীল চেতনায় সুবিধাবঞ্চিত এবং সুবিধাজোগী শিশুদের মধ্যে কোন তফাৎ নেই। আমাদের সামাজিক গঠন এ তফাৎ সৃষ্টি করেছে। একটি ভালো জাতি এবং সমাজ নির্ভর করে শিক্ষার উপর। আমাদের শিশুদের জন্য বেসিক শিক্ষা সরকার। বর্তমান পিতরা শিক্ষার জন্য অনেক সুযোগ-সুবিধা পাচ্ছে। প্রাথমিক শিক্ষা স্বাধীন এবং বাধ্যতামূলক। তাই এ শিক্ষার প্রতি আরো জোর দিতে হবে।

উইলিয়াম হানা বলেছেন, ইউরোপীয় ইউনিয়ন বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার জন্য দুই যুগেরও বেশি সময় ধরে সহযোগিতা করে আসছে। বাংলাদেশের শিশুদের প্রাথমিক শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে আমাদের অর্থায়ন অব্যাহত থাকবে। বেসরকারি প্রতিষ্ঠান শেয়ারের সুবিধাবঞ্চিত শিশুদের জন্য সকল প্রকল্প ইউরোপীয় ইউনিয়ন সমর্থন করেছে।



শেয়ার এডুকেশন প্রোগ্রামের সম্মেলনে বক্তব্য রাখেন ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত উইলিয়াম হানা -পাশে মন্ত্রী আদব চৌধুরী